গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নাগেশ্বরী, কুড়িগ্রাম
www.nageshwari.kurigram.gov.bd

স্মারক নং- ০৫.৪৭.৪৯৬১.০০০.০২.০৬৭.২৩-৬৭৮

তারিখ : ১০ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ
২৫ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয় : উপজেলা পরিষদ সভা অনুষ্ঠান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নাগেশ্বরী উপজেলা পরিষদের সম্মানিত সদস্যবৃন্দকে জানানো যাচ্ছে যে, আগামী ২৭ জুলাই ২০২৩ খ্রিঃ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় উপজেলা পরিষদ সভাকক্ষে জুলাই/২০২৩ মাসের উপজেলা পরিষদ সভা অনুষ্ঠিত হবে। আপনাকে উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, বিবেচ্য সভায় উপস্থাপনযোগ্য কোন আলোচ্য বিষয় থাকলে সভা অনুষ্ঠানের পূর্বে তা লিখিতভাবে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

(ফারজানা জাহান)
উপজেলা নির্বাহী অফিসার
নাগেশ্বরী, কুড়িগ্রাম
ফোন:০৫৮২৬-৫৬২০৩
ফ্যাক্স:০৫৮২৬-৫৬১৪৩।

..............................................................................
..............................................................................
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে):

১. মাননীয় জাতীয় সংসদ সদস্য-২৫, কুড়িগ্রাম-১ ও উপদেষ্টা, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
২. জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৩. উপ-পরিচালক, স্থানীয় সরকার, কুড়িগ্রাম।
৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
৫. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
৬. অফিস নথি।

উপজেলা পরিষদ জুলাই/২০২৩ মাসের সভায় সদস্যগণের উপস্থিতি (জনপ্রতিনিধিগণ) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

সভার তারিখ-২৭/০৭/২০২৩

| ক্রঃ নং | পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২৫,কুড়িগ্রাম-১ | | |
| ২. | মেয়র, নাগেশ্বরী পৌরসভা | ০১৭১৬-১০১৩২৬ | |
| ৩. | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭১৮-১১৯০৬১ | |
| ৪. | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭৩৫-২০২৬৬১ | |
| ৫. | চেয়ারম্যান, রামখানা ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭৭৪-৯২৪২৯০ | |
| ৬. | চেয়ারম্যান, রায়গঞ্জ ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭৪৩-৪৬৯৬৪৫ | |
| ৭. | চেয়ারম্যান, বামনডাঙ্গা ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭৮০৯১৩৩৩০ | |
| ৮. | চেয়ারম্যান, বেরুবাড়ী ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭১৪-৬৭৯২৬৮ | |
| ৯. | চেয়ারম্যান, সন্তোষপুর ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭৩০-৯২০৯৩৩ | |
| ১০. | চেয়ারম্যান, নেওয়াশী ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭১২-৭৩০১০৫ | |
| ১১. | চেয়ারম্যান, হাসনাবাদ ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭১৪-২৩০৬৭১ | |
| ১২. | চেয়ারম্যান, ভিতরবন্দ ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭১৩-৭৭৩২০৮ | |
| ১৩. | চেয়ারম্যান, কালীগঞ্জ ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭১৩-৮৯৭৫৯৮ | |
| ১৪. | চেয়ারম্যান, নুনখাওয়া ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭১৬-৩৬৯৭১৩ | |

উপজেলা পরিষদ জুলাই/২০২৩ মাসের সভায় সদস্যগণের উপস্থিতি (জনপ্রতিনিধিগণ) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

সভার তারিখ-২৭/০৭/২০২৩

| ক্রঃ নং | পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১৫. | চেয়ারম্যান, নারায়নপুর ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭৪৬-২৯৫৫৭৬ | 27/7/23 |
| ১৬. | চেয়ারম্যান, বল্লভেরখাস ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭৩০-৮৩৯৯২০ | 27/07/23 |
| ১৭. | চেয়ারম্যান, কেদার ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭৫১-৩৬৯৬৬৬ | 27-7-23 |
| ১৮. | চেয়ারম্যান, কচাকাটা ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭৩৪-৯৬৯০৬৪ | |
| ১৯. | সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, নাগেশ্বরী | | |
| ২০. | সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, নাগেশ্বরী | | |
| ২১. | সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, নাগেশ্বরী | | |
| ২২. | সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, নাগেশ্বরী | | |
| ২৩. | সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, নাগেশ্বরী | | |
| ২৪. | | | |
| ২৫. | | | |

## উপজেলা পরিষদ জুলাই/২০২৩ সভায় সদস্যগণের উপস্থিতি (কর্মকর্তাবৃন্দ) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

### তারিখ-২৭/০৭/২০২৩

| ক্রঃ নং | পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | উপজেলা নির্বাহী অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭৭৪৪৩৪২৫৫ | |
| ২. | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৯১৪৭১৬৯৯১ | |
| ৩. | উপজেলা কৃষি অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭১৬-৪৩৭৬৪৪ | |
| ৪. | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭১২-৭২৭৪৩৯ | |
| ৫. | উপজেলা মৎস্য অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ~~০১৭২২-৪১০৫৮০~~ 01769459758 | |
| ৬. | উপজেলা শিক্ষা অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭১৫-০৩৯৬৯৭ | |
| ৭. | উপজেলা সমাজ সেবা অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭২৬-৮০৮৪৬৯ | |
| ৮. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭১২-০৩৫২১৫ | |
| ৯. | উপজেলা প্রকৌশলী, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭২২-০৬১১৯৫ | |
| ১০. | সহকারী প্রোগ্রামার, উপজেলা তথ্য ও প্রযুক্তি অধিদপ্তর, নাগেশ্বরী, কুড়িগ্রাম। | ০১৭৪৩-৬৯০৮২৪ | |
| ১১. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭১৯-৫৪৭৫৯২ | |
| ১২. | উপজেলা সমবায় অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭১৯-৫৪৭৭৮৮ | |
| ১৩. | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭১৮-৯১০৫৬৬ | |
| ১৪. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭০০৭১৭১৬২ | |
| ১৫. | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নাগেশ্বরী, কুড়িগ্রাম। | ০১৭১৬৮৯০৩৬৭ | |
| ১৬. | ডেপুটি জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭৬৯-৪০০১৭৯ | |
| ১৭. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ~~০১৭১১-৩৬৬০০৩~~ 01716654170 | |
| ১৮. | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭৩৭৬৯৫৮৮৫ | |
| ১৯. | ফরেষ্টার, উপজেলা বন বিভাগ, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭১৮-৬৭৩০৮৭ | |
| ২০. | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স,নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭৪২-৭৩৭০২৭ | |
| ২১. | উপজেলা আনসার ভিডিপি অফিসার নাগেশ্বরী, কুড়িগ্রাম। | ০১৭১৪-৬৭৮৮৩৮ | |

## উপজেলা পরিষদ জুলাই/২০২৩ সভায় সদস্যগণের উপস্থিতি (কর্মকর্তাবৃন্দ) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

### তারিখ-২৭/০৭/২০২৩

| ক্রঃ নং | পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ২২. | সহকারী প্রকৌশলী, বিএমডিএ,নাগেশ্বরী, কুড়িগ্রাম। | ০১৭১৭-৬৭৮১৪৬ | [signature] |
| ২৩. | সহকারী প্রকৌশলী, বিএডিসি,নাগেশ্বরী, কুড়িগ্রাম। | ০১৭০৪-৩৬৬৮৮৪ | |
| ২৪. | মোঃ আতিকুল ইসলাম, ইউডিএফ, ইউজিডিপি | ০১৮৬৫৪১৪৫৯৩ | [signature] |
| ২৫. | উপজেলা পরিসংখ্যান অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম। | 01738082941 | [signature] |
| ২৬. | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক | | |
| ২৭. | তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প, নাগেশ্বরী | | |
| ২৮. | মোঃ [illegible] হোসেন উপজেলা নির্বাচন অফিসার | 01550042526 | [signature] |
| ২৯. | | | |
| ৩০. | | | |
| ৩১. | | | |
| ৩২. | | | |
| ৩৩. | | | |
| ৩৪. | | | |
| ৩৫. | | | |

শেখ হাসিনার দর্শন
সব মানুষের উন্নয়ন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
নাগেশ্বরী কুড়িগ্রাম।

বিষয় : উপজেলা পরিষদের জুলাই ২০২৩ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোস্তফা জামান, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
তারিখ : ২৭ জুলাই ২০২৩
সময় : সকাল ১১.০০ টা
স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, নাগেশ্বরী, কুড়িগ্রাম।

উপস্থিত সদস্যবৃন্দের তালিকা 'পরিশিষ্ট ক' দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সকল সদস্যবৃন্দকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন এবং সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রামকে অনুরোধ করেন। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। বিস্তারিত আলোচনান্তে উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। অতঃপর বিভিন্ন বিভাগীয় আলোচনা শুরু করা হয়।

আলোচনা ও সিদ্ধান্তঃ

| বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১। নাগেশ্বরী পৌরসভা | সভায় মেয়র নাগেশ্বরী পৌরসভা জানান যে, তার দপ্তরের কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে। বর্তমানে ডেঙ্গু প্রতিরোধে জনসচেতনা বৃদ্ধিতে হাট-বাজার ও বিভিন্ন জনবহুল স্থানে লিফলেট বিতরণ করা হচ্ছে। ডেঙ্গু মশার লাভা বিনাশে নিয়মিত কার্যক্রম চলমান আছে। এ বিষয়ে তিনি সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করে তার বক্তব্য শেষ করেন। | ডেঙ্গু প্রতিরোধে প্রয়োজনীয় পদক্ষেপ ও সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। মেয়র, নাগেশ্বরী পৌরসভা।<br>২। সংশ্লিষ্ট সকল |
| ২। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ। | সভায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, বর্তমানে ডেঙ্গুর প্রকোপ বেড়ে গেছে। এটি ভাইরাস জনিত রোগ মশার মাধ্যমে এ রোগের ভাইরাস ছড়ায়। জ্বর দেখা দিলেই ডেঙ্গু পরীক্ষা করতে হবে। কোনভাবেই ব্যাথা নাশক ঔষধ খাওয়া যাবে না। ডেঙ্গু পজেটিভ হলে পেটে ব্যাথা, পাতলা পায়খানা চোখ ও কান দিয়ে রক্ত আসলে দ্রুত হাসপাতালে ভর্তি হওয়ার অনুরোধ জানান। ডেঙ্গু প্রতিরোধে জনসচেতনা বৃদ্ধি আবশ্যক। বাসা বাড়ির আশপাশ মশামুক্ত রাখতে নিয়মিত পরিস্কার-পরিচ্ছন্ন করতে হবে যাতে মশার লার্ভা জন্মাতে না পারে। এ বিষয়ে সকলকে সচেতন হওয়ার পরামর্শ প্রদান করে বক্তব্য শেষ করেন। | ডেঙ্গু প্রতিরোধে জনসচেতনতা বৃদ্ধিতে প্রয়োজনীয় প্রচার প্রচারনা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা<br>২। চেয়ারম্যান, সকল ইউপি |
| ৩। উপজেলা কৃষি বিভাগ। | উপজেলা কৃষি কর্মকর্তা জানান যে, সাম্প্রতিক বন্যায় রোপা আমন মৌসুমের জন্য ৪৫০ হেক্টর জমির বীজতলার মধ্যে ৩৭ হেক্টর বীজতলা ক্ষতিগ্রস্থ হয়েছে। চলতি মৌসুমে ২৪৫০০ হেক্টর জমিতে রোপা আমন চাষের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। আমন মৌসুমের প্রণোদোনা কার্যক্রম সফলভাবে সম্পন্ন হয়েছে। ৩ দিন ব্যাপি অনুষ্ঠিত কৃষি মেলা সফলভাবে সম্পন্ন হওয়ায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। উপজেলা কৃষি অফিসের কোন গোডাউন ঘর নির্মাণ কার্যক্রম চলমান আছে। আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করেন। | রোপা আমন মৌসুমে কৃষকদের নিয়মিত পরামর্শ প্রদান পূর্বক লক্ষ্যমাত্রা অর্জনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা কৃষি অফিসার |
| ৪। উপজেলা মৎস্য বিভাগ। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, ২৪ জুলাই হতে মৎস্য সপ্তাহ শুরু হয়েছে আগামী ৩০ জুলাই পর্যন্ত চলবে। সাম্প্রতিক বন্যায় প্রায় ৪১২টি পুকুর প্লাবিত হয়েছে। এতে আনুমানিক ১২ লক্ষ্য টাকার ক্ষতি হয়েছে। মৎস্যচাষীগণে ক্ষতি পুষিয়ে নিতে প্রণোদনা কার্যক্রম না থাকায় মৎস্যচাষীগণ আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ হচ্ছেন। মৎস্যচাষীগণের জন্য প্রনোদনা প্রদানের জন্য সভায় অনুরোধ জানিয়ে তার বক্তব্য শেষ করেন। | বন্যায় পুকুরের মাছ রক্ষায় পুকুরপাড় উঁচুকরণের জন্য মৎস্যচাষীগণকে উদ্বুদ্ধ করতে হবে। ক্ষতিগ্রস্থ মৎস্যচাষীগণকে প্রনোদনার আওতায় আনার লক্ষ্যে উর্দ্ধতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২। উপজেলা মৎস্য কর্মকর্তা |

| বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৫। উপজেলা প্রাণিসম্পদ বিভাগ। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান যে, প্রাথমিক পর্যায়ে স্কুল মিল্ক কর্মসূচীর আওতায় ১৬০দিন ব্যাপি নাগেশ্বরী ২নং সরকারি প্রাথমিক বিদ্যালয়ে মিল্ক ফিডিং কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া তিনি জানান, বর্তমানে লাম্পি স্কীন রোগের প্রাদুর্ভাব দেখা দিয়েছে। এরোগের লক্ষণ দেখা দিলে অদক্ষ পল্লী পশু চিকিৎসক ব্যাথানাশক ঔষধ প্রয়োগ করে এত পশুর মৃত্যু পর্যন্ত হতে পারে। বিশেষজ্ঞ পশু চিকিৎসকের পরামর্শ ছাড়া কোন ঔষধ সেবন থেকে বিরত থাকার অনুরোধ জানান। লাম্পি স্কীন রোগ প্রতিরোধে ভ্যাকসিন প্রদান কার্যক্রম চলমান আছে। কোন গবাদি পশুর শরীরে এ রোগ দেখা দিলে তাৎক্ষণিক উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের সাথে যোগাযোগের অনুরোধ জানান। অতঃপর তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। | লাম্পি স্কীন রোগের প্রাদুর্ভাব রোধে খামারিসহ গবাদি পশু পালনকারীগণের সচেতনতা বৃদ্ধি ও শতভাগ ভ্যাকসিন প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| ৬। উপজেলা প্রকৌশল বিভাগ। | উপজেলা প্রকৌশলী জানান যে, নাগেশ্বরী উপজেলার বার্ষিক উন্নয়ন কর্মসূচীর গৃহীত প্রকল্প অনুযায়ী বাস্তবায়ন কার্যক্রম আগামী সপ্তাহের মধ্যে শেষ হবে। এছাড়া ৯টি ইউনিয়ন পরিষদ মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজসহ বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম চলমান আছে। নির্ধারিত সময়ের মধ্যে সকল কাজ সমাপ্ত হবে মর্মে জানান। | বার্ষিক উন্নয়ন কর্মসূচীর প্রকল্পসমূহ বাস্তবায়নে সার্বিক তদারকি ও কাজের গুণগত মান বজায় রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার<br>৩। উপজেলা প্রকৌশলী<br>৪। ইউপি চেয়ারম্যান (সকল) |
| ৭। উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় জানান, প্রাথমিক বিদ্যালয় সমূহের শিক্ষার মান নিশ্চিতে নিয়মিত মনিটরিং চলছে। এছাড়া তিনি জানান, অত্র উপজেলার ১২টি প্রাথমিক বিদ্যালয়ের ভবন মেরামতের প্রাক্কলন মোতাবেক কার্যক্রম চলমান আছে জানিয়ে সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। | প্রাথমিক বিদ্যালয়ের ভবন মেরামতের কাজ সার্বিক তদারকি ও কাজের গুণগত মান বজায় রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার |
| ৮। উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে মর্মে জানান। তার কোন বক্তব্য না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করেন। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ৯। উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান, আগামী ৩০ জুলাই হতে মাদ্রাসা শিক্ষা বোর্ডের আওতাধীন ফাজিল ১ম, ২য় ও ৩য় বর্ষের পরীক্ষা শুরু হবে এবং আগামী ১৭ আগষ্ট ২০২৩ হতে এইচএসসি ও সমমান পরীক্ষা অনুষ্ঠিত হবে। এ বিষয়ে সংশ্লিস্ট সকলের সহযোগিতা কামনা করেন। | নকলমুক্ত পরিবেশে সুষ্ঠভাবে পরীক্ষা গ্রহণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ১০। উপজেলা খাদ্য বিভাগ। | সভায় উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান যে, বোরো মৌসুমে সরাসরি কৃষকের এ্যাপে নিবন্ধিত কৃষকের নিকট হতে উৎপাদিত ধান ও সিদ্ধ চাল সংগ্রহ কার্যক্রম চলমান আছে। এ বছরের বরাদ্দ অনুযায়ী এযাবত ধান ২০৬৮ মে.টনের মধ্যে ৪৭০ মে.টন ও চাল ৫৩৫৭ মে.টনের মধ্যে ২৭১২ মে.টন সংগ্রহ করা হয়েছে। ধান ও চাল সংগ্রহ কার্যক্রম চলমান আছে। | ধান ও চাল সংগ্রহে যাতে কোন প্রকার অনিয়ম না হয় সে বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার<br>৩। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক<br>৪। ইউপি চেয়ারম্যান (সকল) |
| ১১। উপজেলা সমাজসেবা বিভাগ। | সভায় উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, ভিক্ষুক পুনর্বাসনের লক্ষ্যে ১,৯০,০০০/- টাকা বরাদ্দ পাওয়া গেছে। চলতি মাসে আবেদন গ্রহণ করা হয়েছে। বর্তমানে সুবিধাভোগী যাচাই-বাছাই কার্যক্রম চলমান আছে। | ভিক্ষুক পুনর্বাসনের লক্ষ্যে যোগ্য সুবিধাভোগী যাচাই-বাছাই নিশ্চিত করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার<br>৩। উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| ১২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, ভারত থেকে নেমে আসা পানিতে মুড়িয়াঘাট ও আনসার হাট এলাকার বাঁধ ভেঙ্গে সৃষ্ট বন্যার পানি নেমে গেছে। বন্যার কারণে নদী তীরবর্তী বিভিন্ন ইউয়িনের ক্ষতিগ্রস্থ রাস্তাঘাট মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থায় গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। | জনদূর্ভোগ কমাতে জরুরী ভিত্তিতে ক্ষতিগ্রস্থ বাঁধ ও রাস্তাঘাট মেরামতের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার<br>৩। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ১৩। উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ। | সহকারী প্রোগ্রামার জানান, সরকারি বিভিন্ন দপ্তরের কর্মকর্তা কর্মচারী বদলী ও নতুন কর্মকর্তা কর্মচারী যোগদান করেছেন কিন্তু ওয়েব পোর্টালে কর্মকর্তা কর্মচারীর তথ্য হালনাগাদ করা হয়নি। যেসকল দপ্তরের ওয়েবসাইট হালনাগাদ নাই তাদের হালনাগাদ করার জন্য অনুরোধ করেন এবং হালনাগাদের বিষয়ে প্রয়োজনীয় সহায়তা করার আশ্বাস প্রদান করেন। অতঃপর সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে উপজেলা সহকারী প্রোগ্রামার সার্বিক সহযোগিতা করবেন। | ১। সংশ্লিষ্ট সকল কর্মকর্তা<br>২। ইউপি চেয়ারম্যান (সকল) |

| বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১৪। উপজেলা মহিলা বিষয়ক বিভাগ। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে। ২০২৩-২৪ অর্থ বছরের বরাদ্দ এখন পর্যন্ত পাওয়া যায়নি। বরাদ্দ পাওয়া গেলে তা সভায় উপস্থাপন করা হবে মর্মে জানান। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১৫। উপজেলা যুব উন্নয়ন বিভাগ। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, কুড়িগ্রাম জেলার ১০টি যুব সংগঠনের মধ্যে নাগেশ্বরী ৩টি সংগঠণ যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের যুব কল্যান তহবিল হতে আর্থিক অনুদান পেয়েছে। এ উপজেলার মোক্তারী যুব পরিবার কল্যান সংস্থা জেলা পর্যায়ে ১ম স্থান অধিকার করেছে। যুবদের মাঝে ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম চলমান আছে জানিয়ে বক্তব্য শেষ করেন। | ঋণ বিতরণ ও শতভাগ আদায়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১৬। উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী জানান, নাগেশ্বরী পৌর এলাকায় ৩ কিলোমিটার ড্রেন নির্মাণ কার্যক্রম শেষ হয়েছে। ৫৩ কিলোমিটার সুপেয় পানির লাইন নির্মাণ করা হয়েছে এবং ৫১০টি বাড়িতে পানির সংযোগ প্রদান করা হয়েছে। পানির লাইনের সংযোগ ফি ২০০ টাকা নির্ধারণ করা হয়েছে মর্মে সভায় জানান। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর। |
| ১৭। কুড়িগ্রাম লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতি নাগেশ্বরী জোনাল অফিস। | ডেপুটি জেনারেল ম্যানেজার, কুড়িগ্রাম-লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতি জানান বর্তমানে অতিরিক্ত তাপদাহ ও জ্বালানী সংকট জনিত কারণে বিদ্যুৎ উৎপাদনে ঘাটতি মোকাবেলায় সকলকে বিদ্যুৎ সাশ্রয়ে আন্তরিক হওয়ার অনুরোধ জানান। বকেয়া আদায়ের লক্ষ্যে সংযোগ বিচ্ছিন্ন করা হচ্ছে। বকেয়া বিদ্যুৎ বিল আদায়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | বকেয়া বিদ্যুৎ বিল আদায়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। ডি,জি,এম কুড়িলা পল্লী বিদ্যুৎ সমিতি নাগেশ্বরী যোনাল অফিস।<br>২। দপ্তর প্রধান (সকল)<br>৩। ইউপি চেয়ারম্যান (সকল) |
| ১৮। উপজেলা সমবায় বিভাগ। | উপজেলা সমবায় কর্মকর্তা জানান যে, অত্র উপজেলার আশ্রয়ণ প্রকল্পের সুবিধাভোগীগণের মধ্যে সমবায় সমিতি নিবন্ধন কার্যক্রম চলমান আছে। আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১৯। উপজেলা নির্বাচন বিভাগ। | উপজেলা নির্বাচন অফিসার সভায় জানান যে, আগামী জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ চলছে। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করে তার বক্তব্য শেষ করেন। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাচন অফিসার |
| ২০। উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, বর্তমানে তার দপ্তরের ভবন মেরামতের কাজ শেষ পর্যায়ে। এছাড়া মাঠ পর্যায়ে ঋণ প্রদান ও খেলাপি ঋণ আদায় কার্যক্রম চলমান আছে মর্মে জানিয়ে সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | বকেয়া ঋণ আদায়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ২১। উপজেলা বন বিভাগ। | উপজেলা বন কর্মকর্তা জানান, ২০২০-২০২১ অর্থ বছরে বন বিভাগের আওতায় সড়ক ও জনপথ বিভাগের ১৫ কিলোমিটার স্ট্রীপ বাগান নিলামে বিক্রয় করা হয়েছে। উক্ত বাগানে মোট উপকারভোগী ৭৯জন। এর মধ্যে ৭৫জনকে ২২,৭৭৫/- টাকা করে লভ্যাংশ বন্টন করা হয়েছে। ২০২০-২০২১ অর্থ বছরে বামনডাঙ্গা ইউনিয়নে ১৩ কিলোমিটার স্ট্রীপ বাগান সৃজন করা হয়েছিল তা নিলামের মাধ্যমে বিক্রয় করে সকল পক্ষগণের মধ্যে লভ্যাংশ বিতরণ করা হয়েছে।<br>চেয়ারম্যান, কেদার, নেওয়াশী ও ভিতরবন্দ ইউনিয়ন পরিষদ সভায় জানান, তাদের ইউনিয়নে বিভিন্ন রাস্তায় ঝুঁকিপূর্ণ গাছ থাকায় জনদূর্ভোগের সৃষ্টি হয়েছে। ঝুঁকিপূর্ণ গাছগুলি দ্রুত অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। | বিভিন্ন ইউনিয়নের রাস্তায় ঝুঁকিপূর্ণ গাছ চিহ্নিত করে দ্রুত অপসারনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২। উপজেলা বন কর্মকর্তা |
| ২২। উপজেলা আনসার ও ভিডিপি বিভাগ। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে জানান। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা |

| বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ২৩। উপজেলা বিএমডিএ বিভাগ। | উপজেলা উপ-সহকারী প্রকৌশলী (বিএমডিএ) তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে জানান। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী, বিএমডিএ |
| ২৪। উপজেলা বিএডিসি বিভাগ। | উপজেলা বিএডিসি কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে জানান। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা বিএডিসি কর্মকর্তা |
| ২৫। ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স বিভাগ। | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স তার অফিসের নিরাপত্তার জন্য সোলার স্ট্রীট লাইট প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করেন। এ বিষয়ে মেয়র, নাগেশ্বরী পৌরসভা স্ট্রীট লাইট প্রদানে আশ্বাস প্রদান করেন।<br>মেয়র, নাগেশ্বরী পৌরসভা আরো জানান, অগ্নিকান্ড সংঘটিত যেসকল স্থানে ফায়ার সার্ভিস বাহিনী অগ্নিনির্বাপনের জন্য যায় সে সকল ক্ষতিগ্রস্থ পরিবারের বা প্রতিষ্ঠানের ক্ষয়ক্ষতির প্রত্যয়ন প্রদান করলে পরবর্তীতে সংশ্লিষ্ট পরিবার/প্রতিষ্ঠানকে আর্থিক সহায়তা প্রদান সহজ হয়। | অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থ পরিবার/প্রতিষ্ঠানের অনুকূলে ক্ষয়ক্ষতির প্রত্যয়ন প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা স্টেশন অফিসার |
| ২৬। উপজেলা পরিসংখ্যান বিভাগ। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা জানান যে, মাননীয় প্রধানমন্ত্রীর উপহার হিসেবে জনশুমারীতে ব্যবহৃত ট্যাবসমূহ মাধ্যমিক পর্যায়ে সকল প্রতিষ্ঠানের মেধাবী শিক্ষার্থীদের মাঝে ৬০৬টি ট্যাব বিতরণ করা হয়েছে। শিক্ষার্থীদের বিতরণকৃত ট্যাবসমূহ নিরাপদ ও নৈতিক ব্যবহার নিশ্চিতে অভিভাবক ও সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। | শিক্ষার্থীদের অনুকূলে বিতরণকৃত ট্যাবসমূহের নিরাপদ ও নৈতিক ব্যবহার নিশ্চিতে অভিভাবক ও সংশ্লিষ্ট সকলের সচেতনা বৃদ্ধিতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>২। উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, |
| ২৭। পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক জানান যে, মাঠ পর্যায়ে ঋণ প্রদান ও আদায় কার্যক্রম চলমান আছে। অতপর তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | ঋণ প্রদান ও আদায় কার্যক্রম সঠিকভাবে পরিচালনার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক |
| ২৮। বিবিধ আলোচনা-১ উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প | সভায় উপজেলা ডেভলপমেন্ট প্যাসিলিটেটর (ইউডিএফ) ২৫/০৭/২০২৩ খ্রি. তারিখের প্রকল্প বাছাই কমিটির সুপারিশকৃত ০৩ (তিন) টি প্রকল্প অনুমোদনের জন্য সভায় উপস্থাপন পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। ১। মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান সমুহে আসন সংকট দূরীকরনে উচু-নিচু বেঞ্চ সরবরাহ প্রকল্প-১৩,৯৪,০০০/- ২। উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে সিলিং ফ্যান সরবরাহ প্রকল্প-১০,৫৬,৭৮২/- ৩। নাগেশ্বরী উপজেলার গুরুত্বপূর্ন সড়কে সোলার স্ট্রীট লাইট স্থাপন-১৫,৪৬,৫৬০/- প্রকল্প সমুহের বাজেট (ভ্যাট ও আয়কর ব্যাতিত)। | এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে বর্ণিত প্রকল্প সমূহ ও বাজেট অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার<br>৩। উপজেলা প্রকৌশলী<br>৪। উপজেলা ডেভলপমেন্ট প্যাসিলিটেটর (ইউডিএফ) |
| ২৮। বিবিধ আলোচনা-২ ইসলামিক ফাউন্ডেশন | সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন জানান, আগামী ৩০ জুলাই সারাদেশ ৫৬৪টির মধ্যে ৫ম পর্যায়ে এ উপজেলার ১টি সহ মোট ৫০টি মডেল মসজিদ ও ইসলামি সাংস্কৃতিক কেন্দ্র মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে উদ্বোধন করবেন। এ উপজেলায় ঐদিন ভিডিও কনফারেন্সটি সরাসরি সম্প্রচারের ব্যবস্থা করতে হবে। এ বিষয়ে তিনি সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। | গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে অনুষ্ঠিত মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক মডেল মসজিদ ও ইসলামি সাংস্কৃতিক কেন্দ্র উদ্বোধন অনুষ্ঠান প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার<br>৩। মেয়র, নাগেশ্বরী পৌরসভা<br>৪। ইউপি চেয়ারম্যান (সকল)<br>৫। দপ্তর প্রধান (সকল) |
| ২৮। বিবিধ আলোচনা-৩ রাজস্ব তহবিল সংক্রান্ত | উপজেলা নির্বাহী অফিসার সভায় অবহিত করেন যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ এর ৫ অনুচ্ছেদ ৩(গ) অনুযায়ী প্রতি অর্থ বছরের ৩০ জুনের পর উপজেলা রাজস্ব তহবিলের অব্যয়িত অর্থ উপজেলা উন্নয়ন তহবিলে স্থানান্তর করার নির্দেশনা রয়েছে। এ বিষয়ে আলোচনাকালে তিনি জানান ২০২২-২০২৩ অর্থ বছরের উপজেলা রাজস্ব তহবিলের অব্যয়িত অর্থের পরিমান ১,০১,৮৬,৪২০.৯৭ (এক কোটি এক লক্ষ ছিয়াশি হাজার চারশত বিশ টাকা সাতানব্বই পয়সা) টাকা। উক্ত অর্থ 'উপজেলা রাজস্ব তহবিল' হতে 'উপজেলা উন্নয়ন তহবিলে' স্থানান্তর করা হয়েছে। | এ বিষয়ে সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দের সর্বসম্মতিক্রমে ভূতাপেক্ষভাবে অনুমোদিত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার |

| বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ২৮। বিবিধ আলোচনা-৪ | সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, উপজেলা পরিষদ গেজেটেড কোয়ার্টার, নন-গেজেটেড কোয়ার্টার মেরামতের অভাবে জরার্জীন ও ব্যবহার অনুপযোগী হওয়ায় যে কোন সময় দূর্ঘটনা ঘটার সম্ভাবনা রয়েছে তাই সংস্কার করা একান্ত জরুরী। এছাড়া নিরাপত্তার জন্য উপজেলা পরিষদের অভ্যন্তরে সাব-রেজিস্টারের অফিসের পাশের বাউন্ডারী ওয়াল সংস্কার এবং উপজেলা পরিষদের প্রধান ফটকের পাশে বাউন্ডারী ওয়াল নির্মাণ করা অত্যান্ত প্রয়োজন। নিম্নোক্ত প্রকল্প সমূহ বাস্তবায়নের জন্য সভায় অনুরোধ জানানঃ-<br>১। উপজেলা পরিষদের অভ্যন্তরে অবস্থিত নন-গেজেটেড ভবনের নিচতলা মেরামত করণ, ২। উপজেলা পরিষদের অভ্যন্তরে অবস্থিত গেজেটেড ভবনের নিচতলা মেরামত করণ, ৩। উপজেলা পরিষদের অভ্যন্তরে অবস্থিত গেজেটেড ভবনের দ্বিতীয় তলা মেরামত করণ, ৪। উপজেলা পরিষদের অভ্যন্তরে অবস্থিত সাব-রেজিস্টার অফিসের পাশের বাউন্ডারী ওয়াল মেরামত করণ, ৫। উপজেলা পরিষদের প্রধান ফটকের পাশে বাউন্ডারী ওয়াল নির্মাণ।<br>তিনি জানান, বর্তমানে উপজেলা পরিষদের নন-গেজেটেড কোয়ার্টারটি বেশি জরাজীর্ন হওয়ায় জরুরী মেরামত করা প্রয়োজন। এছাড়া উপজেলা পরিষদের অভ্যন্তরে দর্শনার্থীগণের বসার জন্য গোলঘর নির্মাণের লক্ষ্যে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যায় নির্বাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ করেন।<br>এছাড়া তিনি জানান, উপজেলা পরিষদ চত্ত্বরে অবস্থিত অফিস সমূহ ও উপজেলা পরিষদের কোয়ার্টার নিরাপত্তা বেষ্টনীর আওতায় আনার জন্য সিসিটিভি ক্যামেরা স্থাপন করা আবশ্যক। সিসিটিভি ক্যামেরা স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ করেন। | এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে বর্ণিত প্রকল্প সমূহ বাস্তবায়নের নিমিত্ত বরাদ্দ প্রাপ্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>জরুরী বিবেচনায় উপজেলা পরিষদের নন-গেজেটেড কোয়ার্টার মেরামত এবং উপজেলা পরিষদ চত্ত্বরে গোলঘর নির্মাণের লক্ষ্যে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>উপজেলা পরিষদ চত্ত্বরে অবস্থিত অফিস সমূহ ও উপজেলা পরিষদ কোয়ার্টার নিরাপত্তা বেষ্টনীর আওতায় আনার লক্ষ্যে সিসিটিভি ক্যামেরা স্থাপনের জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার<br>৩। উপজেলা প্রকৌশলী |

উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের জুন/২০২৩ মাসের ব্যয় বিবরনীঃ

| ক্রঃন | তারিখ | বিবরণ | টাকার পরিমান |
|---|---|---|---|
| ১. | ০১/০৬/২৩ | উপজেলা পরিষদ চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যানের মে/২৩ মাসের বাড়ীভাড়া ও সম্মানী প্রদান বাবদ | ৯৯০০০ |
| ২. | ০১/০৬/২৩ | উপজেলা পরিষদের মে/২৩ মাসের আনুসঙ্গিক বিল প্রদান (ভ্যাটসহ) | ৫০০০ |
| ৩. | ০১/০৬/২৩ | উপজেলা পরিষদের এক জন মজুরী ভিত্তিক কর্মচারীর (মালী) মে/২৩, মাসের মজুরী বিল প্রদান | ১৬৫০০ |
| ৪. | ০১/০৬/২৩ | উপজেলা পরিষদের এক জন মজুরী ভিত্তিক কর্মচারীর (পরিচ্ছন্নতা কর্মী) মে/২৩, মাসের মজুরী বিল প্রদান | ১৬৫০০ |
| ৫. | ০১/০৬/২৩ | মোছাঃ জোসনা বেগম, স্বামী- মোজাম্মেল হক, মনিয়ারহাট, হাসনাবাদকে চিকিৎসার জন্য আর্থিক সহায়তা প্রদান | ৪০০০ |
| ৬. | ০১/০৬/২৩ | মোছাঃ বকুল বেগম, স্বামী- নুর ইসলাম, বালিয়ারকুটি, বেরুবাড়ীকে চিকিৎসার জন্য আর্থিক সহায়তা প্রদান | ৩০০০ |
| ৭. | ০১/০৬/২৩ | মোঃ মাহবুব রহমান, পিতা- মৃত আঃ হামিদ, পূর্ব রায়গঞ্জ, নাগেশ্বরীকে চিকিৎসার জন্য আর্থিক সহায়তা প্রদান | ৫০০০ |
| ৮. | ০১/০৬/২৩ | মোঃ শাহিন আলম, পিতা- মোঃ আমিনুর ইসলাম, কবিরের ভিটা, নাগেশ্বরীকে চিকিৎসার জন্য আর্থিক সহায়তা প্রদান | ৩০০০ |
| ৯. | ০১/০৬/২৩ | মোছাঃ জোসনা বেগম, স্বামী- মোঃ রানু মিয়া, আশার মোড়, নাগেশ্বরীকে চিকিৎসার জন্য আর্থিক সহায়তা প্রদান | ৫০০০ |
| ১০. | ০১/০৬/২৩ | মোঃ রফিকুল ইসলাম, পিতা- আবুল হোসেন, ধনীগাগলা, সন্তোষপুরকে আর্থিক সহায়তা প্রদান | ৫০০০ |
| ১১. | ০১/০৬/২৩ | মোছাঃ শিল্পি বেগম, জুম্মাপাড়া, পশ্চিম নাগেশ্বরী, কুড়িগ্রামকে চিকিৎসার জন্য আর্থিক সহায়তা প্রদান | ৪০০০ |
| ১২. | ০১/০৬/২৩ | আম্বিয়া পারভীন বেলী, জুম্মাপাড়া, নাগেশ্বরীকে চিকিৎসার জন্য আর্থিক সহায়তা প্রদান | ৪০০০ |
| ১৩. | ০১/০৬/২৩ | মোঃ হাশেম আলী, কুটি বাগডাঙ্গা, নাগেশ্বরীকে চিকিৎসার জন্য আর্থিক সহায়তা প্রদান | ৩০০০ |
| ১৪. | ০১/০৬/২৩ | মোঃ আব্দুস সালাম, পিতা- মৃত জব্বর উদ্দিন, গুন্তিরচর, নাগেশ্বরীকে চিকিৎসার জন্য আর্থিক সহায়তা প্রদান | ৫০০০ |
| ১৫. | ০১/০৬/২৩ | শামীম আহমেদ, বলরামপুর, পূর্ব নাগেশ্বরীকে চর টুপামারীতে বাঁশের সাঁকো নির্মাণে আর্থিক সহায়তা প্রদান | ২৫০০০ |
| ১৬. | ০১/০৬/২৩ | উপজেলা পরিষদের মে/২৩ মাসের আপ্যায়ন বিল প্রদান (ভ্যাটসহ) | ৩০০০০ |
| ১৭. | ০১/০৬/২৩ | মোঃ ফজলুল হক, পিতা- মৃত আঃ জব্বার, আক্করনগর, রামখানা, নাগেশ্বরীকে চিকিৎসার জন্য আর্থিক সহায়তা প্রদান | ৪০০০ |
| ১৮. | ১০/০৬/২৩ | উপজেলা কমপ্লেক্সের ফুলবাগানের মাটিভরাট ও মজুরী বাবদ বিল | ৯৭৭৫ |
| ১৯. | ১০/০৬/২৩ | উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসের কর্মকর্তা/কর্মচারীগণে নেমপ্লেট, রাবার সিল ও নো-পার্কিং সাইনবোর্ড তৈরী বিল (ভ্যাটসহ) | ২৪২০০ |
| ২০. | ১০/০৬/২৩ | মোঃ হামিদুল ইসলাম, সভাপতি, হোটেল মালিক সমিতি, নাগেশ্বরীকে হোটেল মালিক সমিতির অফিসঘর মেরামতের জন্য সহায়তা প্রদান | ৭০০০ |
| ২১. | ১০/০৬/২৩ | মোঃ আলম মিয়া, সভাপতি, হোটেল শ্রমিক ইউনিয়ন, নাগেশ্বরীকে হোটেল শ্রমিক ইউনিয়নের অফিসঘর মেরামতের জন্য সহায়তা প্রদান | ৭০০০ |
| ২২. | ১০/০৬/২৩ | মোঃ ফজলুল হক, সভাপতি, বণিক সমিতি, নাগেশ্বরীকে বণিক সমিতির অফিসঘর মেরামতের জন্য সহায়তা প্রদান | ৭০০০ |
| ২৩. | ১০/০৬/২৩ | মোছাঃ বুলবুলি, স্বামী- মহির উদ্দিন, শিংরিয়ারপাড়, রামখানাকে চিকিৎসার জন্য আর্থিক সহায়তা প্রদান | ৩০০০ |
| ২৪. | ১২/০৬/২৩ | ম্যানেজার, রায়ান্স কম্পিউটার, রংপুরকে উপজেলা পরিষদের কম্পিউটার ও কম্পিউটার সরঞ্জাম ক্রয় বাবদ বিল প্রদান (ভ্যাট ও আয়কর সহ) | ২৯৯৫০০ |
| ২৫. | ১২/০৬/২৩ | মোঃ আঃ ছালাম, পিতা- মৃত রহমত আলী, সন্তোষপুরকে চিকিৎসার জন্য আর্থিক সহায়তা প্রদান | ৪০০০ |

| ন | তারিখ | বিবরণ | টাকার পরিমান |
|---|---|---|---|
| ২৬. | ১২/০৬/২৩ | রতন চন্দ্র রায়, পিতা- নরেন চন্দ্র রায়, মাদাইখাল, কালীগঞ্জকে বসতঘর মেরামতের জন্য আর্থিক সহায়তা প্রদান | ৫০০০ |
| ২৭. | ১৩/০৬/২৩ | হক ফার্নিচার এন্ড ইন্টেরিয়র ডিজাইন নাগেশ্বরীকে, উপজেলা পরিষদের আসবাবপত্র ক্রয়ের বিল প্রদান (ভ্যাট ও আয়কর সহ) | ১৯৯৯০০ |
| ২৮. | ১৮/০৬/২৩ | উপজেলা পরিষদ কমপ্লেক্স, উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন, উপজেলা পরিষদের সকল কোয়ার্টারের সেফটি ট্যাংকের বর্জ্য পরিষ্কারকরণ বাবদ মজুরি প্রদান | ২৫০০০ |
| ২৯. | ১৮/০৬/২৩ | উপজেলা পরিষদের পানির পাম্প ও পানির লাইনের আনুষঙ্গিক মালামাল ক্রয় বিল প্রদান (ভ্যাটসহ) | ২৩৫০০ |
| ৩০. | ১৮/০৬/২৩ | উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের কম্পিউটার মেরামতের জন্য বিভিন্ন যন্ত্রাংশ ক্রয় বাবদ বিল প্রদান (ভ্যাটসহ) | ২৪৭০০ |
| ৩১. | ১৮/০৬/২৩ | মোঃ ইউনুছ আলী, পিতা- মৃত আজিজুল হক, নারায়ণপুরকে চিকিৎসার জন্য আর্থিক সহায়তা প্রদান | ৩০০০ |
| ৩২. | ১৮/০৬/২৩ | উপজেলা পরিষদ চত্ত্বর, কোয়ার্টারের আশপাশের জঙ্গলঝাঁড় ও খালখন্দ ভরাটের শ্রমিক মজুরি বিল প্রদান | ২৫০০০ |
| ৩৩. | ১৮/০৬/২৩ | মেসার্স সাহা ফিলিং স্টেশন, কুড়িগ্রাম উপজেলা পরিষদের জীপগাড়ির জ্বালানী বিল প্রদান | ২৮৯৭৬৬ |
| ৩৪. | ১৮/০৬/২৩ | উপজেলা পরিষদের বিদ্যুৎ বিল প্রদান | ২১৭৮৫ |
| ৩৫. | ২১/০৬/২৩ | উপজেলা পরিষদের এক জন মজুরী ভিত্তিক কর্মচারীর (মালী) ইদুল আযহা/২৩, এর উৎসব ভাতা বিল প্রদান | ৮২৫০ |
| ৩৬. | ২১/০৬/২৩ | উপজেলা পরিষদের এক জন মজুরী ভিত্তিক কর্মচারীর (পরিচ্ছন্নতা কর্মী) ইদুল আযহা/২৩, এর উৎসব ভাতা বিল প্রদান | ৮২৫০ |
| ৩৭. | ২৫/০৬/২৩ | চেয়ারম্যান, উপজেলা পরিষদের জুলাই-২০২২ হতে জুন-২০২৩ পর্যন্ত ১২ মাসের ভ্রমণভাতা বিল প্রদান বাবদ | ৯৭৫০০ |
| ৩৮. | ২৫/০৬/২৩ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদের জানুয়ারি-২০২৩ হতে জুন-২০২৩ পর্যন্ত ৬ মাসের ভ্রমণভাতা বিল প্রদান বাবদ | ৩৯০০০ |
| ৩৯. | ২৫/০৬/২৩ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদের জানুয়ারি-২০২৩ হতে জুন-২০২৩ পর্যন্ত ৬ মাসের ভ্রমণভাতা বিল প্রদান বাবদ | ৩৯০০০ |
| ৪০. | ২৫/০৬/২৩ | উপজেলা পরিষদের জুন/২৩ মাসের আনুসঙ্গিক বিল প্রদান (ভ্যাটসহ) | ৫০০০ |
| ৪১. | ২৫/০৬/২৩ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সভার জুলাই-২২ হতে জুন-২৩ পর্যন্ত আপ্যায়ন বিল প্রদান (ভ্যাট সহ) | ৪৮০০০ |
| ৪২. | ২৫/০৬/২৩ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সভার জুলাই-২২ হতে জুন-২৩ পর্যন্ত আপ্যায়ন বিল প্রদান (ভ্যাট সহ) | ৪৮০০০ |
| ৪৩. | ২৫/০৬/২৩ | সুলোবালা, পিতা- রবীন্দ্রনাথ রায়, চৌবাড়ি পয়ড়াডাঙ্গাকে বসতঘর মেরামতের জন্য আর্থিক সহায়তা প্রদান | ৪০০০ |
| ৪৪. | ২৫/০৬/২৩ | আব্দুল গফফার, পিতা- মোহাম্মদ আলী, পানাকুড়ি, নেওয়াশীকে চিকিৎসার জন্য আর্থিক সহায়তা প্রদান | ২০০০ |
| ৪৫. | ২৫/০৬/২৩ | সাবিয়া বেগম, স্বামী- মৃত একাব্বর, ধনীগাগলা, সন্তোষপুরকে চিকিৎসার জন্য আর্থিক সহায়তা প্রদান | ২০০০ |
| ৪৬. | ২৫/০৬/২৩ | মোঃ হাছেন আলী, পিতা- মৃত জাবেদ আলী, ভুমুরদহ, নারায়ণপুরকে আগুনে পোড়া বসতঘর মেরামতের জন্য আর্থিক সহায়তা প্রদান | ৪০০০ |
| ৪৭. | ২৫/০৬/২৩ | মোছাঃ আফরোজা বেগম, পিতা- মোঃ আয়ুব আলী, হুরকাটারী, নাগেশ্বরীকে চিকিৎসার জন্য আর্থিক সহায়তা প্রদান | ৫০০০ |
| ৪৮. | ২৫/০৬/২৩ | মোছাঃ রুপভান, মালিয়ানি, বামনডাঙ্গাকে আর্থিক সাহায্য প্রদান | ৩০০০ |
| ৪৯. | ২৫/০৬/২৩ | মোঃ আজিজুল ইসলাম, পিতা- মোঃ জামাল, গুন্ডিরচর, নাগেশ্বরীকে আর্থিক সাহায্য প্রদান | ৩০০০ |
| ৫০. | ২৫/০৬/২৩ | মোছাঃ রোজিনা বেগম, স্বামী- শাহানুর রহমান, গ্রাম- পশ্চিম রামখানাকে চিকিৎসার জন্য আর্থিক সাহায্য প্রদান | ৩০০০ |
| ৫১. | ২৫/০৬/২৩ | মোঃ রাহিমুল ইসলাম, পিতা- গোলাপ উদ্দিন, কামারপাড়া, নাগেশ্বরীকে চিকিৎসার জন্য আর্থিক সাহায্য প্রদান | ৫০০০ |
| ৫২. | ২৫/০৬/২৩ | মোঃ মামুদ আলী, পিতা- কান্টু আলী, লুছনী, বামনডাঙ্গাকে চিকিৎসার জন্য আর্থিক সাহায্য প্রদান | ৫০০০ |
| ৫৩. | ২৫/০৬/২৩ | মোছাঃ মাজেদা বেগম, স্বামী- মৃত আঃ হাই, বানিয়াটারী, সোনাইর খামারকে চিকিৎসার জন্য আর্থিক সাহায্য প্রদান | ৩০০০ |
| ৫৪. | ২৫/০৬/২৩ | মোছাঃ বকুল বেগম, স্বামী- নুর ইসলাম, বেরুবাড়ীকে চিকিৎসার জন্য আর্থিক সাহায্য প্রদান | ৫০০০ |
| ৫৫. | ২৫/০৬/২৩ | মোঃ হাসান চৌধুরী, পিতা- মোঃ রফিকুল ইসলাম, ছড়ারপাড়, বেরুবাড়ীকে চিকিৎসার জন্য আর্থিক সাহায্য প্রদান | ৩০০০ |
| ৫৬. | ২৫/০৬/২৩ | মোঃ নুরনবী মিয়া, পিতা- শমসের আলী, কাছাড়ী পয়ড়াডাঙ্গা, নাগেশ্বরীকে চিকিৎসার জন্য আর্থিক সাহায্য প্রদান | ৩০০০ |
| ৫৭. | ২৫/০৬/২৩ | উপজেলা পরিষদের জানুয়ারি/২০২৩ হতে জুন/২০২৩ ইন্টারনেট বিল প্রদান (ভ্যাটসহ) | ৯০০০ |
| ৫৮. | ২৫/০৬/২৩ | উপজেলা পরিষদের জুন/২৩ মাসের আপ্যায়ন বিল প্রদান (ভ্যাটসহ) | ৩০০০০ |
| ৫৯. | ২৫/০৬/২৩ | উপজেলা পরিষদ চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যানের জুন/২৩ মাসের বাড়ীভাড়া ও সম্মানী (অগ্রিম) প্রদান বাবদ | ৯৯০০০ |
| ৬০. | ২৫/০৬/২৩ | উপজেলা পরিষদের এক জন মজুরী ভিত্তিক কর্মচারীর (মালী) জুন/২৩, মাসের মজুরী বিল প্রদান | ১৫৯৫০ |
| ৬১. | ২৫/০৬/২৩ | উপজেলা পরিষদের এক জন মজুরী ভিত্তিক কর্মচারীর (পরিচ্ছন্নতা কর্মী) জুন/২৩, মাসের মজুরী বিল প্রদান | ১৫৯৫০ |
| ৬২. | ২৫/০৬/২৩ | উপজেলা পরিষদ চত্ত্বরের রেজিস্ট্রি অফিস সংলগ্ন পুকুরের গার্ডেন ওয়াল নির্মাণ প্রকল্পের বিল প্রদান (ভ্যাট ও আয়করসহ) | ১৮২৯৭৯ |
| ৬৩. | ২৫/০৬/২৩ | উপজেলা কোয়ার্টারের পেছনে ড্রেন নির্মাণ প্রকল্পের বিল প্রদান (ভ্যাট ও আয়করসহ) | ১৯৯৯৬৬ |
| ৬৪. | ২৫/০৬/২৩ | নাগেশ্বরী উপজেলার বিভিন্ন গুরুত্বপূর্ণ রাস্তায় স্ট্রীট লাইট স্থাপন প্রকল্পের বিল প্রদান (১ম অংশ) (ভ্যাট ও আয়করসহ) | ১৬৬৬৬৬ |
| ৬৫. | ২৫/০৬/২৩ | নাগেশ্বরী উপজেলার বিভিন্ন গুরুত্বপূর্ণ রাস্তায় স্ট্রীট লাইট স্থাপন প্রকল্পের বিল প্রদান (২য় অংশ) (ভ্যাট ও আয়করসহ) | ১৬৬৬৬৬ |
| ৬৬. | ২৫/০৬/২৩ | নাগেশ্বরী উপজেলার বিভিন্ন গুরুত্বপূর্ণ রাস্তায় স্ট্রীট লাইট স্থাপন প্রকল্পের বিল প্রদান (৩য় অংশ) (ভ্যাট ও আয়করসহ) | ১৬৬৬৬৬ |
| ৬৭. | ২৫/০৬/২৩ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসের গুদামঘর ও বনবিভাগের অফিসঘর মেরামত প্রকল্পের বিল প্রদান (ভ্যাট ও আয়করসহ) | ৫৯৯৩৮১ |
| | | (কথায়: বত্রিশ লক্ষ এগারো হাজার তিনশত পঞ্চাশ) মোট= | ৩২১১৩৫০ |

উপজেলা পরিষদের রাজস্ব খাত হতে উপরোল্লিখিত সম্মানী ভাতা, মজুরী, অনুদান/সাহায্য ও অন্যান্য বাবদ ৩২,১১,৩৫০/- (বত্রিশ লক্ষ এগারো হাজার তিনশত পঞ্চাশ) টাকার ব্যয় সকলের সম্মতিক্রমে অনুমোদন করা হলো । অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলেকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন ।

(মোস্তফা জামান)
সভাপতি
ও
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নাগেশ্বরী, কুড়িগ্রাম।
www.nageshwari.kurigram.gov.bd

তারিখ : ১২ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ।
২৭/৭/ ২০২৩ খ্রিষ্টাব্দ।

স্মারক নং- ০৫.৪৭.৪৯৬১.০০০.০২.০৬৭.২৩-৭৯০

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে) :

১. মাননীয় জাতীয় সংসদ সদস্য-২৫, কুড়িগ্রাম-১ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৪. জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৫. উপপরিচালক, স্থানীয় সরকার, কুড়িগ্রাম।
৬. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), কুড়িগ্রাম।
৭. চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
৮. উপজেলা ............................................................................................অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
৯. চেয়ারম্যান, ..............................................................................................ইউপি (সকল), নাগেশ্বরী, কুড়িগ্রাম।
১০. জনাব ..................................................................................................................... নাগেশ্বরী, কুড়িগ্রাম।
১১. অফিস কপি।

২৭/৭/২৩
(ফারজানা জাহান)
উপজেলা নির্বাহী অফিসার
নাগেশ্বরী, কুড়িগ্রাম।